গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-১ শাখা

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরে বাস্তবায়নাধীন এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের জানুয়ারি ২০২৪ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ২২/০২/২০২৪ খ্রি. |
| সভার সময় | বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সকল কর্মকর্তা, সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালকগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং নতুন যোগদানকৃত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প" ও ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "বাংলাদেশ ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন প্রকল্প" এর নবযোগদানকৃত প্রকল্প পরিচালকদ্বয়কে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সুরক্ষা সেবা বিভাগের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের সার্বিক কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন করা এবং চলমান প্রকল্পের ক্রয় কার্যক্রম বার্ষিক অনুমোদিত ক্রয় পরিকল্পনা অনুযায়ী স্বচ্ছতার সাথে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য প্রকল্প পরিচালক, সংস্থা প্রধানসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। সভাপতি ২০২৩-২৪ অর্থবছরে সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন চলমান ১১টি প্রকল্পে কর্মপরিকল্পনার আর্থিক লক্ষ্যমাত্রা ও ভৌত অগ্রগতির বাস্তব অর্জন; প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রতিবন্ধকতাসমূহ চিহ্নিতকরণ এবং তা থেকে উত্তরণের সম্ভাব্য উপায়ের বিষয়ে বিগত মাসের এডিপি সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে বাস্তব অগ্রগতি এবং প্রকল্প ভিত্তিক সার্বিক তথ্যাদি উপস্থাপনের জন্য সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২)-কে অনুরোধ করেন।

০২। সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২) বলেন, গত ২১ জানুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত এডিপি সভার কার্যবিবরণী ২৯ জানুয়ারি ২০২৪ তারিখে সংশ্লিষ্ট সকলের নিকট ই-নথিতে প্রেরণ করা হয়েছে। উক্ত সভার কার্যবিবরণীতে কোন পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা যেতে পারে।

০৩। সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২) সভাকে অবহিত করেন যে, ২০২৩-২০২৪ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) তে সুরক্ষা সেবা বিভাগের ১১টি প্রকল্পের অনুকূলে ১৪৮৫.৫৭ কোটি টাকা বরাদ্দ রয়েছে যা সম্পূর্ণটাই জিওবির আওতাধীন। জানুয়ারি ২০২৪ পর্যন্ত অবমুক্তকৃত অর্থের পরিমাণ ১০৩৬.১৪ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ৬৯.৭৫%। জানুয়ারি ২০২৪ পর্যন্ত ব্যয় হয়েছে ৫৭২.১২ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ৩৮.৫১%। ২০২৩-২৪ অর্থবছরে জুলাই-ডিসেম্বর মাসের জাতীয় গড় অগ্রগতি ২২.৪৮%। সভাপতি সংশ্লিষ্ট সকলকে প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বাস্তবায়ন লক্ষ্যমাত্রা অর্জনে কাজ করার নির্দেশনা প্রদান করেন।

০৪। সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২) সংস্থাওয়ারী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরে বলেন যে, ২০২৩-২০২৪

অর্থবছরের এডিপিতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ০১টি প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৮২.৭৪ কোটি টাকা প্রকল্পটি ডিসেম্বর ২০২৩ এ সমাপ্ত হয়েছে। ডিসেম্বর ২০২৩ পর্যন্ত অর্থ অবমুক্ত করা হয়েছে ৮২.৭৪ কোটি টাকা যা মোট বরাদ্দের ১০০%। প্রকল্পটির অনুকূলে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত ব্যয় হয়েছে মোট ৪৪.৫২ কোটি টাকা যা বরাদ্দের ৫৩.৮১%। ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ০২টি প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৮৪৮.৮২ কোটি টাকা। জানুয়ারি ২০২৪ পর্যন্ত অর্থ অবমুক্ত করা হয়েছে ৬৪০.৪৮ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ৭৫.৪৬%। প্রকল্প ০২টির অনুকূলে জানুয়ারি ২০২৪ পর্যন্ত ব্যয় হয়েছে ৪৩৩.০৯ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ৫১.০২%। কারা অধিদপ্তরের ০৭টি প্রকল্পের অনুকূলে এডিপি বরাদ্দ ৪৯০.০১ কোটি টাকা। জানুয়ারি ২০২৪ পর্যন্ত অর্থ অবমুক্ত করা হয়েছে ২৮১.৪৩ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ৫৭.৪৩%। ০৭টি প্রকল্পের অনুকূলে জানুয়ারি ২০২৪ পর্যন্ত ব্যয় হয়েছে ৯৪.৩৪ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ১৯.২৫%। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ০১টি প্রকল্পের অনুকূলে এডিপিতে মোট ৬৪.০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। অর্থ অবমুক্ত হয়েছে ৩১.৪৮ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ৪৯.২০%। প্রকল্পটির অনুকূলে জানুয়ারি ২০২৪ পর্যন্ত ব্যয় হয়েছে ১৭.০০ লক্ষ টাকা যা বরাদ্দকৃত অর্থের ০.২৬%।

**০৫। <u>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রকল্পসমূহ:</u>**

**(ক) <u>১১টি মডার্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প:</u>**

**<u>আলোচনাঃ</u>**

সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২) সভায় উপস্থাপন করেন যে, জানুয়ারি ২০১৯ হতে ডিসেম্বর ২০২৩ মেয়াদে ৬১৭.১৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের অনুকূলে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ৫৪৬.৬১ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৮৮.৫৬% এবং ভৌত অগ্রগতি ১০০%। এ প্রকল্পের অনুকূলে ২০২৩-২৪ অর্থ বছরে এডিপি বরাদ্দ ৮২.৭৪ কোটি টাকা এবং অবমুক্তকৃত অর্থের পরিমাণ ৮২.৭৪ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ১০০%। ডিসেম্বর ২০২৩ পর্যন্ত ব্যয় হয়েছে ৪৪.৫২ কোটি টাকা যা বরাদ্দের ৫৩.৮১%।

সভাপতি প্রকল্পের নির্ধারিত সময় বাস্তবায়ন হওয়ায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরকে ধন্যবাদ জ্ঞাপন করেন। একই সাথে প্রকল্পের অবশিষ্ট স্টেশন ৪টি দ্রুত চালু করার জন্য প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন। এছাড়াও প্রকল্পের প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) যথাসময়ে প্রণয়নের জন্য নির্দেশনা প্রদান করেন।

সভাপতির জিজ্ঞাসায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক জানান যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ২টি প্রকল্প দ্রুততম সময়ে একনেকে সভায় উপস্থানের জন্য যাবে। আরও ৩টি প্রকল্পের ডিপিপি'র পরবর্তী কার্যক্রম সম্পন্ন করে একনেক সভায় উপস্থাপনের নিমিত্ত প্রেরণ করা সম্ভব হবে।

**<u>সিদ্ধান্ত:</u>**

(ক) প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) দ্রুততম সময়ে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে;

(খ) ১১ মডার্ণ প্রকল্পের নির্মিত অবশিষ্ট ৪টি স্টেশন চালুর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;

(গ) প্রয়োজন বাস্তবতার নিরীখে বিদেশী সহায়তাপুষ্ট প্রকল্পের উদ্যোগ গ্রহণ করতে হবে;

(ঘ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর প্রস্তাবিত ৫টি (চট্টগ্রাম, পূর্বাচল, নোয়াখালী, খুলনা ও ময়মনসিংহ) বহুতল বিশিষ্ট অফিস কাম আবাসিক ভবন নির্মাণ প্রকল্প গ্রহণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

**(খ) <u>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের বরাদ্দবিহীনভাবে (সবুজ পাতায় অন্তর্ভুক্ত) অননুমোদিত নতুন প্রকল্পসমূহ</u>:**

| ক্রম | প্রকল্পের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | “ঢাকা বিভাগের গুরুত্বপূর্ণ স্থানে ৪৭টি (৪৪টি নতুন ও ০৩টি ফায়ার স্টেশন পুন: নির্মাণ” শীর্ষক প্রকল্প। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা-২, তারিখ ২০/০১/২০১৯, স্থান-সম্মেলন কক্ষ স্বরাষ্ট্র মন্ত্রণালয় মোতাবেক প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।<br>মেয়াদকাল: (নভেম্বর ২০২৩ থেকে জুন ২০২৭ খ্রি.) | ঢাকা বিভাগের গুরুত্বপূর্ণ উপজেলা/থানা সদর/স্থানে ৪৭টি (৪৪টি নতুন ও ৩টি পুন:নির্মাণ) ফায়ার স্টেশন স্থাপন প্রকল্পের যাচাই-বাছাই সভার সিদ্ধান্ত প্রতিফলিত করে ফিজিবিলিটি স্টাডি প্রতিবেদনসহ পুনর্গঠিত ডিপিপি গত ১১/০৯/২০২৩ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। সুরক্ষা সেবা বিভাগ হতে প্রকল্পটি অনুমোদনের প্রক্রিয়া গ্রহণের জন্য গত ২৯/১০/২০২৩ তারিখে পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগে প্রেরণ করা হয়েছে। আগামী ১৮ ডিসেম্বর ২০২৩ তারিখে ভৌত অবকাঠামো বিভাগে প্রকল্পের পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে অধিদপ্তরকে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণের জন্য বলা হয়েছে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ২. | দেশের গুরুত্বপূর্ণ স্থানে ৫৯টি (৫১টি নতুন ও ৮টি ফায়ার স্টেশন পুনঃনির্মাণ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা-২, তারিখ ২০/০১/২০১৯, স্থান-সম্মেলন কক্ষ স্বরাষ্ট্র মন্ত্রণালয় মোতাবেক প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।<br>মেয়াদকাল: (জুলাই/২৩ হতে ডিসেম্বর/২৭) | দেশের গুরুত্বপূর্ণ স্থানে ৫৯টি (৫১টি নতুন ও ৮টি পুন:নির্মাণ) ফায়ার স্টেশন স্থাপন/পুন:নির্মাণ প্রকল্পের প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি)-এর সভা পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগে ০৩ অক্টোবর ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। পিইসি সভার সিদ্ধান্ত প্রতিফলিত করে ৫৯টি (৫১টি নতুন ও ৮টি পুন:নির্মাণ) ফায়ার স্টেশন এর স্থলে ৩৪টি (২৬টি নতুন ও ৮টি ফায়ার স্টেশন পুন:নির্মাণ) ফায়ার স্টেশন স্থাপনের সংস্থান রেখে পূর্ণাঙ্গ ডিপিপি প্রণয়নের জন্য ২৯ জানুয়ারি ২০২৪ তারিখে গণপূর্ত অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং গণপূর্ত অধিদপ্তর |
| ৩. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের জন্য ০২টি বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ প্রকল্প।<br>(মার্চ /২৩ হতে জুন/২৬) | প্রকল্পের ডিপিপি’র উপর গত ২৮/০৩/২০২৩ তারিখে সুরক্ষা সেবা বিভাগে যাচাই-বাছাই সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত প্রতিফলিত করে প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি প্রতিবেদনসহ পুনর্গঠিত ডিপিপি গত ০৬/১১/২০২৩ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়। সুরক্ষা সেবা বিভাগ হতে প্রকল্পটি অনুমোদনের জন্য গত ০৬/১২/২০২৩ তারিখে পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগে প্রেরণ করা হয়েছে। | ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন |

| | | | |
|---|---|---|---|
| ৪. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর এ্যাম্বুলেন্স সেবা সম্প্রসারণ (ফেইজ-২) প্রকল্প।<br>মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা-১, তারিখ ২০/০১/২০১৯, স্থান-সম্মেলন কক্ষ স্বরাষ্ট্র মন্ত্রণালয় মোতাবেক প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।<br><u>মেয়াদ:</u> (অক্টোবর/২৩ হতে জুন/২৬) | “ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর অ্যাম্বুলেন্স সেবা সম্প্রসারণ (ফেইজ-২)” শীর্ষক প্রকল্পটি ৩১/১০/২৩ তারিখে একনেকে অনুমোদিত হয়েছে। ১৮/০২/২০২৪ তারিখে একনেক অনুবিভাগ কর্তৃক অনুমোদনপত্র জারি করা হয়েছে। সুরক্ষা সেবা বিভাগ হতে প্রকল্পের অনুকূলে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হবে। | সুরক্ষা সেবা বিভাগ |
| ৫. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অধীনে ১৩টি কৌশলগত গুরুত্বপূর্ণ অবস্থানে ৭৩টি বিশেষায়িত অগ্নিনির্বাপণ ও উদ্ধার ইউনিট মোতায়েন (FARSOW) প্রকল্প মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা-৫, তারিখ ২০/০১/২০১৯, স্থান-সম্মেলন কক্ষ স্বরাষ্ট্র মন্ত্রণালয় মোতাবেক প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।<br>মেয়াদ: (নভেম্বর/২৩ হতে জুন/২৭) | ১০টি স্পেশালাইজড ইউনিট (FARSOW) গঠনের লক্ষ্যে সুরক্ষা সেবা বিভাগের নির্দেশনার আলোকে এবং টিম সংখ্যা (হ্যাজমাট) বৃদ্ধিসহ নতুন সরঞ্জাম অন্তর্ভুক্তি করে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর অধীনে ১৩টি কৌশলগত গুরুত্বপূর্ণ অবস্থানে ৭৩টি বিশেষায়িত অগ্নিনির্বাপণ ও উদ্ধার ইউনিট মোতায়েন নামে প্রকল্পটি নামকরণ করে প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি প্রতিবেদনসহ ডিপিপি প্রণয়ন করে ৩১/১০/২০২৩ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। সুরক্ষা সেবা বিভাগের ১৩/০২/২০২৪ তারিখে এমটিবিএফ এর সাথে সামঞ্জস্য রেখে ডিপিপি পরীক্ষা নীরিক্ষাপূর্বক পুন:ব্যয় প্রাক্কলনের জন্য অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৬. | বঙ্গবন্ধু শেখ মুজিব ফায়ার একাডেমি স্থাপন প্রকল্প<br>মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা-৩, তারিখ ২০/০১/২০১৯, স্থান-সম্মেলন কক্ষ স্বরাষ্ট্র মন্ত্রণালয় মোতাবেক প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। | ৩০/০৮/২০২২ তারিখে প্রকল্পের মাষ্টার প্ল্যান এবং গত ০৬/১০/২০২২ তারিখে ডিপিপি পুনর্গঠন করে সুরক্ষা সেবা বিভাগ ও স্থাপত্য অধিদপ্তরে প্রেরণ করা হলে সুরক্ষা সেবা বিভাগ হতে ২৪/০৬/২০২৩ তারিখে প্রকল্পের কিছু পর্যবেক্ষণসহ ডিপিপি পুনর্গঠন করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়েছে। প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করে মার্চ ২০২৪ এর মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| ৭. | দেশের উত্তরাঞ্চলের (রাজশাহী, রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগ) গুরুত্বপূর্ণ উপজেলা/থানা সদর/স্থানে ৫১টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প। (২০২৩-২৪ অর্থ বছরের এডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা-২, তারিখ ২০/০১/২০১৯, স্থান-সম্মেলন কক্ষ স্বরাষ্ট্র মন্ত্রণালয় মোতাবেক প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। | দেশের উত্তরাঞ্চলের রাজশাহী, রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগ) গুরুত্বপূর্ণ উপজেলা/থানা সদর/স্থানে ৫১টি ফায়ার স্টেশন স্থাপন প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি প্রতিবেদনসহ ডিপিপি প্রণয়ন করে ১৪ ডিসেম্বর ২০২৩ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। ০৭/০২/২০২৪ তারিখে উক্ত প্রকল্পের যাচাই বাছাই সভা সুরক্ষা সেবা বিভাগে অনুষ্ঠিত হয়েছে। কার্যবিবরণী অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর |
| ৮. | দেশের দক্ষিণাঞ্চলের (চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগ) গুরুত্বপূর্ণ উপজেলা/ থানা সদর/স্থানে ৫২টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প। (২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা-২, তারিখ ২০/০১/২০১৯, স্থান-সম্মেলন কক্ষ স্বরাষ্ট্র মন্ত্রণালয় মোতাবেক প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। মেয়াদ: (জানুযারি/২৪ হতে জুন/২৭) | দেশের দক্ষিণাঞ্চলের (চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগ) গুরুত্বপূর্ণ উপজেলা/থানাসদর/স্থানে ৫২টি ফায়ার স্টেশন স্থাপন প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি প্রতিবেদনসহ ডিপিপি প্রণয়ন করে ১৯ অক্টোবর ২০২৩ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। সুরক্ষা সেবা বিভাগে গত ২৮ নভেম্বর ২০২৩ তারিখে প্রকল্পের যাচাই-বাছাই সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী পাওয়া গেছে। কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন অধিদপ্তরে চলমান রয়েছে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৯. | মডার্নাইজেশন এন্ড ক্যাপাসিটি বিল্ডিং অব ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স প্রকল্প। (২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা-২, তারিখ ২০/০১/২০১৯, স্থান-সম্মেলন কক্ষ স্বরাষ্ট্র মন্ত্রণালয় মোতাবেক প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। মেয়াদ: (জানুয়ারি, ২০২৩-জুন, ২০২৮ খ্রি.) | অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকল্পে প্রস্তাবিত “মর্ডানাইজেশন এন্ড ক্যাপাসিটি বিল্ডিং অব ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স” শীর্ষক প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি ও অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত জনবল কাঠামো সংযুক্ত করে সংশোধিত ডিপিপি গত ১১/০৯/২০২৩ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়। সুরক্ষা সেবা বিভাগে ২২/১০/২০২৩ তারিখে প্রকল্পের যাচাই বাছাই সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন অধিদপ্তরে চলমান রয়েছে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |

০৬। **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রকল্পসমূহ:**

**(ক) ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প:**

**আলোচনাঃ**

সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২) সভাকে জানান যে, জুলাই ২০২২ হতে জুন ২০২৫ মেয়াদে ১৬২.৩৪১৪ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের জানুয়ারি ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ০.২৮ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ০.১৭%। ২০২৩-২০২৪ অর্থবছরে প্রকল্পের অনুকূলে ৬৪.০০ কোটি টাকা এডিপি বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২৩-২৪ অর্থবছরে অবমুক্ত করা হয়েছে ৩১.৪৮ কোটি টাকা যা বরাদ্দের ৪৯.২০%। প্রকল্পটির অনুকূলে জানুয়ারি ২০২৪ পর্যন্ত ব্যয় হয়েছে ০.১৬ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ০.২৬%।

সভাপতি আর্থিক ও ভৌত অগ্রগতির কম হওয়ার বিষয়ে জিজ্ঞাসায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান যে, ইতোমধ্যে বর্ণিত প্রকল্পের নকশায় ২টি পুরাতন ভবন ভেঙ্গে অপসারণ করা হয়েছে। প্রকল্পের প্রধান পূর্তকাজ- ড্রাগ ডি- অ্যাডিকশন ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (১ টি বেইজমেন্টসহ ১৩ তলা ভবন) (পূর্ত-২) নির্মাণ কাজের গণপূর্ত রেট সিডিউল, ২০২২ অনুযায়ী প্রণীত চূড়ান্ত প্রাক্কলন (৯৩০৯.৫২ লক্ষ টাকা) ডিপিপিতে গণপূর্ত রেট সিডিউল, ২০১৮ অনুযায়ী সংস্থানকৃত অর্থের (৯৫১৮.৮৫) চেয়ে কম হওয়ায় দরপত্র আহ্বান, মূল্যায়ন ও অনুমোদনপূর্বক কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং গত ০৪/০২/২০২৪ তারিখ থেকে নতুন ভবন নির্মাণ এর কার্যক্রম শুরু হয়েছে। মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্রের সংস্কার ও ঊর্ধ্বমুখী সম্প্রসারণ (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা) (পূর্ত-১) কাজের গণপূর্ত রেট সিডিউল, ২০২২ অনুযায়ী প্রণীত চূড়ান্ত বিস্তারিত প্রাক্কলন (১২৩৪.০০ লক্ষ টাকা) গণপূর্ত রেট সিডিউল, ২০১৮ অনুযায়ী অনুমোদিত ডিপিপির প্রাক্কলিত ব্যয়ের (৫৫৩.৩৩ লক্ষ টাকা) চেয়ে বেশি হওয়ায় পরিকল্পনা কমিশনের পূর্বানুমতি গ্রহণ করে দরপত্র আহ্বান করা হয়েছে এবং গত ২০/০২/২০২৪ তারিখে দরপত্র উন্মুক্ত হয়েছে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রস্তাবিত জেলা অফিস ভবন নির্মাণ (১ম পর্যায়ে ০৭টি) প্রকল্পটির স্থাপত্য নকশার বিষয়ে স্থাপত্য অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান যে, স্থাপত্য নকশা সংশোধনপূর্বক চূড়ান্ত করা হয়েছে। অবিলম্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে প্রেরণ করা হবে।

**সিদ্ধান্ত:**

(ক) প্রকল্প পরিচালক নিয়মিত প্রকল্পের কাজ পরিদর্শন করবেন এবং গুণগতমান বজায় রেখে পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ অনুযায়ী চলতি অর্থবছরে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয় নিশ্চিত করতে হবে;

(খ) সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক পূর্ত স্থাপনা অপসারণ হওয়ায় প্রধান পূর্ত কাজ ড্রাগ ডি অ্যাডিকশন ও প্রশিক্ষণ ইনস্টিটিউট নির্মাণ কাজের কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে;

(গ) প্রস্তাবিত ৭টি বিভাগীয় শহরে ২০০ শয্যা বিশিষ্ট মাদকাসক্তি নিরাময় কেন্দ্র নির্মাণ প্রকল্পের জন্য চট্টগ্রাম জেলার ভূমির সংস্থানের বিষয়ে দ্রুত পদক্ষেপ নিতে হবে;

(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সমূহ ২০২৩-২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করতে হবে।

**০৭। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বরাদ্দবিহীনভাবে (সবুজ পাতায় অন্তর্ভুক্ত) অননুমোদিত নতুন প্রকল্পসমূহ:**

| ক্র: নং | প্রকল্পের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ০৭টি বিভাগীয় শহরে ২০০ শয্যা বিশিষ্ট মাদকাসক্তি নিরাময় কেন্দ্র নির্মাণ মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা-২, তারিখ ২০/০১/২০১৯, স্থান-সম্মেলন কক্ষ স্বরাষ্ট্র মন্ত্রণালয় মোতাবেক প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। (মেয়াদ: ০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৫) | "০৭ (সাত) টি বিভাগীয় শহরে ২০০ শয্যা বিশিষ্ট মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র নির্মাণ"- প্রকল্পের চট্টগ্রাম ও রংপুর বিভাগের জমি চূড়ান্তকরণে জটিলতা থাকায় ০৫ টি বিভাগের ডিপিপি সুরক্ষা সেবা বিভাগে ২১ নভেম্বর, ২০২৩ তারিখে প্রেরণ করা হয়। পরবর্তীতে সুরক্ষা সেবা বিভাগ হতে চট্টগ্রাম ও রংপুরসহ ০৭ টি বিভাগের জন্য ডিপিপি পুনর্গঠনের মৌখিক নির্দেশনা পাওয়া যায়। নির্দেশনা মোতাবেক ৭টি বিভাগের জন্য ডিপিপি পুনর্গঠনের নিমিত্ত গত ০২/০১/২০২৪ তারিখে গনপূর্ত অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>রংপুর বিভাগের নিরাময় কেন্দ্রের জন্য নতুন জমি নির্বাচনপূর্বক প্রস্তাবিত জমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে এবং জমির ডিজিটাল সার্ভে সম্পন্ন হয়েছে। চট্টগ্রাম বিভাগীয় নিরাময় কেন্দ্রের জন্য চট্টগ্রাম জেলার সীতাকুন্ডে ৩টি জায়গা প্রাথমিকভাবে নির্বাচন করা হয় এবং গত ২৬ জানুয়ারি ২০২৪ তারিখে মহাপরিচালক মহোদয় কর্তৃক জায়গাগুলো পরিদর্শন করে ১০ একর পরিমাণ ০১টি জমি চূড়ান্তভাবে নির্বাচন করেন। বর্ণিত জমিটি অধিগ্রহণের কার্যক্রম গ্রহণের নিমিত্ত প্রশাসনিক অনুমোদনের প্রস্তাব প্রেরণের জন্য জেলা প্রশাসক, চট্টগ্রাম বরাবর পত্র প্রেরণের জন্য নথি উপস্থাপিত হয়েছে। প্রশাসনিক অনুমোদনের প্রস্তাব পাওয়া গেলে সুরক্ষা সেবা বিভাগ থেকে জমির প্রশাসনিক অনুমোদন প্রাপ্তি, ডিজিটাল সার্ভে রিপোর্ট সম্পন্নকরণ, স্থাপত্য নকশা প্রস্তুতসহ ডিপিপি পুনর্গঠনের পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর গণপূর্ত অধিদপ্তর |
| ২. | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জেলা অফিস ভবন নির্মাণ (১ম পর্যায়ে ০৭টি) (০১/০৭/২০২২ হতে ০১/০৬/২০২৫) | গত ২০/১১/২০২৩ তারিখে প্রকল্পটির পিইসি সভা অনুষ্ঠিত হয় এবং পিইসি সভায় ভবনের ফ্লোরের সংখ্যা, ফ্লোরইউজ প্ল্যান প্রভৃতি এনালাইসিস করে চূড়ান্ত করার নিমিত্ত ভৌত অবকাঠামো বিভাগের প্রধানের নেতৃত্বে একটি ৮ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি কর্তৃক ৩০/০১/২০২৪ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ভবনের ফ্লোরের স্থাপত্য নকশা সংশোধনের সিদ্ধান্ত হয় এবং নকশা সংশোধনের জন্য স্থাপত্য অধিদপ্তর-কে বলা হয়। স্থাপত্য নকশা সংশোধন চুড়ান্ত করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও স্থাপত্য অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| ৩. | ০৩ (তিন) টি বিভাগে (খুলনা, ময়মনসিংহ, রংপুর) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরিসহ বিভাগীয় কার্যালয় নির্মাণ | শুরুতে প্রকল্পটিতে ০২ (দুই) টি বিভাগে (খুলনা, রংপুর) বিভাগীয় কার্যালয় নির্মাণের প্রস্তাব ছিল। পরবর্তীতে ময়মনসিংহ বিভাগে বিভাগীয় কার্যালয় নির্মাণের প্রস্তাব এবং বিভাগীয় কার্যালয়ের এর সাথে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরি নির্মাণ অন্তর্ভুক্ত করে ডিপিপি পুনর্গঠনের সিদ্ধান্ত হয়। সে মোতাবেক স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রকল্পের প্রাথমিক স্থাপত্য নকশা ও স্থানিক নকশা প্রণয়ন করা হয়। প্রাথমিক স্থাপত্য ও স্থানিক নকশার উপর গত ০৫/১০/২০২৩ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় নকশা সংশোধন করার সিদ্ধান্ত হয়। প্রতিটি কার্যালয় ভবনে সংশ্লিষ্ট জেলার জেলা কার্যালয় স্থাপিত হবে বিধায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের “জেলা কার্যালয় নির্মাণ (১ম পর্যায়ে ৭টি)”প্রকল্পের স্থাপত্য নকশা চূড়ান্ত হলে সে মোতাবেক সংশ্লিষ্ট বিভাগের জেলা কার্যালয়ের জন্য স্থাপনা সংশোধন করে বর্ণিত প্রকল্পের স্থাপত্য নকশা সংশোধন করতে হবে। | স্থাপত্য অধিদপ্তর |

০৮। **<u>ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রকল্পসমূহ:</u>**

**(ক) <u>বাংলাদেশ ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন (১ম সংশোধন) প্রকল্প:</u>**

**<u>আলোচনাঃ</u>**

সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২) সভায় উল্লেখ করেন যে, জুলাই ২০১৮ হতে জুন ২০২৮ মেয়াদে ৯০৩৮.৩৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের জানুয়ারি ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ৩৭৬৯.৮১ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৪১.৭১%। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ৮৩০.০০ কোটি টাকা এবং অবমুক্তকৃত অর্থ ৬২২.৩৪ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ৭৪.৯৮%। জানুয়ারি ২০২৪ পর্যন্ত ব্যয় হয়েছে ৪১৫.৭৮ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ৫০.০৯%।

এ প্রকল্পের পরিচালন জনবল বিষয়ে সভাপতির জিজ্ঞাসায় প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্প সমাপ্ত হলে পরিচালনের জন্য ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের জনবল কাঠামোর প্রস্তাবনায় সংযুক্ত করা হয়েছে। সভাপতি জানান যে, প্রকল্পের জনবলসহ রাজস্ব জনবলকে প্রকল্প সমাপ্তির পর পরিচালনের জন্য প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

প্রকল্প পরিচালক সভায় আরো জানান যে, আরডিপিপি এর আলোকে ২০২৩-২৪ অর্থবছরের বাৎসরিক ক্রয়পরিকল্পনা প্রণয়নপূর্বক ইতোমধ্যেই ২টি যানবাহন ব্যবহার (চুক্তিভিত্তিক) এর কার্যক্রম এবং ২৪৬ জন আউটসোর্সিং জনবল নিয়োগের কাজ শুরু হয়েছে। এছাড়াও ১কোটি পাসপোর্ট কাঁচামাল ও ৬৫ লক্ষ বুকলেট ক্রয়ের ক্রয় পরিকল্পনা চূড়ান্ত করা হয়েছে যা চলতি অর্থবছরেই বাস্তবায়ন করা হবে।

**<u>সিদ্ধান্ত:</u>**

(ক) পরিচালন জনবল নিয়োগ ও দক্ষ করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;
(খ) প্রকল্পের Exit Plan মোতাবেক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
(গ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সমূহ ২০২৩-২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করতে হবে।

(খ) **১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ প্রকল্পঃ**

**আলোচনাঃ**

সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২) বলেন যে, জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০২৩ মেয়াদে ১২৮.৪০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে। এ প্রকল্পের ডিসেম্বর ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ১১৮.২১ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৯২.০৬% এবং ভৌত অগ্রগতি ১০০%। ২০২৩-২৪ অর্থবছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ১৮.৮২ কোটি টাকা এবং অবমুক্তকৃত অর্থ ১৮.১৪ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ৯৬.৩৯%। ডিসেম্বর ২০২৩ পর্যন্ত ব্যয় হয়েছে ১৭.৩১ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ৯১.৯৭%। গণপূর্ত অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী সভায় জানান যে, জয়পুরহাট আঞ্চলিক পাসপোর্ট অফিসের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে কিন্তু এখনো হস্তান্তর গ্রহণ করা হয়নি। এ বিষয়ে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক সভায় জানান যে, স্থানীয় কর্মকর্তা অবহিত করেছেন যে, এখনো কিছু কাজ অসমাপ্ত রয়েছে। এ বিষয়ে সভাপতি ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রতিনিধি গিয়ে সরেজমিন পরিদর্শন করার পরামর্শ প্রদান করেন।

**সিদ্ধান্ত:**

(ক) প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) দ্রুততম সময়ের মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে;
(খ) নির্মিত জয়পুরহাট পাসপোর্ট অফিসটি হস্তান্তরের বিষয়ে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের একটি টিম সরেজমিন পরিদর্শন করে হস্তান্তরের বিষয়ে অনতিবিলম্বে কার্যক্রম গ্রহণ করতে হবে।

(গ) **ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের বরাদ্দবিহীনভাবে (সবুজ পাতায় অন্তর্ভুক্ত) অননুমোদিত নতুন প্রকল্পসমূহ:**

| ক্র: নং | প্রকল্পের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | পাসপোর্ট পার্সোনালাইজেশন কমপ্লেক্স-২ উত্তরায় নির্মিতব্য বহুতল ভবন (০১/১২/২০২২ থেকে ৩০/০৬/২০২৫) | পাসপোর্ট পারসোনালাইজেশন কমপ্লেক্স এক্সেটেনশন প্রকল্পের যাচাই বাছাই কমিটির সভা আগামী ২৮/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত হবে। যাচাই বাছা্ই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী গণপূর্ত অধিদপ্তরে ডিপিপি পুনর্গঠন কার্যক্রমের জন্য প্রেরণ করা হয়েছে। দ্রুত ডিপিপি পুনর্গঠন করে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে। | (১)ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর (২)গণপূর্ত অধিদপ্তর (৩) স্থাপত্য অধিদপ্তর |
| ২. | ইমপ্লিমেন্টেশন অব ই-ভিসা, বাংলাদেশ প্রকল্প মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা-১, তারিখ ২০/০১/২০১৯, স্থান- সম্মেলন কক্ষ স্বরাষ্ট্র মন্ত্রণালয় মোতাবেক প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।<br><br>(জুলাই ২০২৩-জুন ২০২৮) | ভিসার কাজ চলমান রয়েছে। | (১)ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর (২)গণপূর্ত অধিদপ্তর (৩) স্থাপত্য অধিদপ্তর |

০৯। **কারা অধিদপ্তর-এর প্রকল্পসমূহ:**

**(ক) খুলনা জেলা কারাগার নির্মাণ (২য় সংশোধিত) প্রকল্প:**

**আলোচনাঃ**

সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২) সভাকে জানান যে, জুলাই ২০১১ হতে জুন ২০২৪ মেয়াদে ২৮৮.২৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের জানুয়ারি ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২২২.৪০ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৭৭.১৫% এবং ভৌত অগ্রগতি ৯১%। ২০২৩-২৪ অর্থবছরে এডিপি বরাদ্দ ৫০.০০ কোটি টাকা। জানুয়ারি ২০২৪ পর্যন্ত ব্যয় হয়েছে ১১.৮২ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ২৩.৬৪%।

**পরিচালক বলেন, যেহেতু মেয়াদ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে সেজন্য আর্থিক অগ্রগতি কম হয়েছে। গত সপ্তাহে প্রকল্প পরিচালক প্রকল্প এলাকা পরিদর্শন করেন। প্রকল্প পরিচালক আশা প্রকাশ করেন নির্ধারিত মেয়াদের মধ্যে প্রকল্পটি সমাপ্ত করা সম্ভব হবে। ১টি অ্যাম্বুলেন্সের জন্য অর্থবিভাগে পত্র দেওয়া হয়েছে। অর্থ বিভাগ থেকে অনুমতি পেলে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। যুগ্মসচিব (পরিকল্পনা) বলেন এ প্রকল্পের একবার আন্ত:খাত সমন্বয় হয়েছে। এখন দ্বিতীয় আন্ত:খাত সমন্বয়ের প্রয়োজন হলে অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে পাঠাতে হবে। সভাপতি দ্রুত ব্যবস্থা নিয়ে প্রকল্পের সামগ্রিক অগ্রগতি ত্বরান্বিত করার জন্য প্রকল্প সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।**

**সিদ্ধান্তঃ**

(ক) প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী কাজ বাস্তবায়ন করতে হবে;
(খ) নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ শেষ করতে হবে;
(গ) দ্বিতীয় আন্ত:খাত সমন্বয়ের প্রস্তাব প্রয়োজন হলে যথাযথ প্রক্রিয়ায় দ্রুত সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে;
(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সমূহ ২০২৩-২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করতে হবে।

**(খ) ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প:**

**আলোচনাঃ**

সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২) সভাকে জানান যে, জুলাই ২০১৫ হতে জুন ২০২৫ মেয়াদে ২৪০.১৫ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের জানুয়ারি ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ৮৬.৬৯ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৩৬.১০% এবং ভৌত অগ্রগতি ৪৫%। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ৩০.০০ কোটি টাকা। অবমুক্তকৃত অর্থের পরিমাণ ২২.৫০ কোটি টাকা, যা বরাদ্দের ৭৫%। জানুয়ারি ২০২৪ পর্যন্ত ব্যয় হয়েছে ০.০৫৪ লক্ষ টাকা যা বরাদ্দকৃত অর্থের ০.১৮%। **প্রকল্প পরিচালক বলেন, ১৭টি প্যাকেজের মধ্যে ১১টি প্যাকেজের দরপত্র আহ্বান করা হয়েছে। এর মধ্যে ০৭টি NOA দেওয়া হয়েছে। ০৪টি প্যাকেজের দরপত্রের কার্যক্রম চলমান আছে। ০২টি প্যাকেজের দরপত্র বাকি আছে। সভাপতি দ্রুত কাজ শুরু করার বিষয়ে প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন।**

**সিদ্ধান্ত:**

(ক) ময়মনসিংহ কারাগারের চলমান নির্মাণ কাজের অগ্রগতি প্রকল্প পরিচালক কর্তৃক সরেজমিনে পরিদর্শন করত: চাহিদা মোতাবেক অর্থ ছাড়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
(খ) প্রকল্প পরিচালক স্থানীয় গণপূর্ত অধিদপ্তরের সাথে নিবিড় যোগাযোগ বজায় রেখে চলমান টেন্ডার কার্যক্রম এবং কার্যাদেশসমূহ যথাসময়ে সম্পন্ন করে বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার পদক্ষেপ গ্রহণ করতে হবে;
(গ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সমূহ ২০২৩-২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করতে হবে।

**(গ) কারা নিরাপত্তা আধুনিকায়ন (ঢাকা, চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগ) প্রকল্প:**

**আলোচনাঃ**

সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২) জানান যে, জানুয়ারি ২০১৬ হতে জুন ২০২৪ মেয়াদে ৪৯.৯৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়নের জন্য নির্ধারিত ছিল। এ প্রকল্পের জানুয়ারি ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ২৭.৩৩ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫৪.৬৭% এবং ভৌত অগ্রগতি ৬০%। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ১.০০ লক্ষ টাকা এবং জানুয়ারি ২০২৪ পর্যন্ত কোনো ব্যয় হয়নি। যুগ্মসচিব (পরিকল্পনা) বলেন, প্রকল্পটি একনেক কর্তৃক মেয়াদ বৃদ্ধি পেয়েছে। সভাপতি কারা মহাপরিদর্শকের কাছে জানতে চাইলে তিনি বলেন, সাময়িকভাবে কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুন:নির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালককে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে। Comprehensive Mobile Jammer নির্ধারিত সময়ের মধ্যে সংগ্রহের লক্ষ্যে বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরির সহিত যোগাযোগ অব্যাহত রয়েছে এবং নির্ধারিত সময়ে এর কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে মর্মে অতিরিক্ত কারা মহাপরিদর্শক সভাপতি মহোদয়কে অবহিত করেন।

**সিদ্ধান্ত:**

(ক) Comprehensive Mobile Jammer সংগ্রহের লক্ষ্যে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে;
(খ) পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুযায়ী ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে;
(গ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সমূহ ২০২৩-২৪ অর্থবছরের ক্যালেন্ডার প্রণয়ন করে তদনুযায়ী সম্পন্ন করতে হবে।

**(ঘ) পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন প্রকল্প:**

**আলোচনাঃ**

সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২) জানান যে, জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০২৩ মেয়াদে ৬০৭.৩৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। আলোচ্য প্রকল্পটি ১১৩৬.৩২ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৮ হতে জুন ২০২৬ মেয়াদে বাস্তবায়নের নিমিত্তে ১ম সংশোধনী প্রস্তাব পরিকল্পনা কমিশনে গত ২৭/১১/২০২৩ তারিখে প্রেরণ করা হয়েছে। যা অনুমোদনের অপেক্ষায় আছে। এ প্রকল্পের জানুয়ারি ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ১৭৫.৪৪ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ২৮.৮৯% এবং ভৌত অগ্রগতি ৩২%। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ২০০.০০ কোটি টাকা এবং অবমুক্তকৃত অর্থ ৯৮.৯৯ কোটি টাকা যা বরাদ্দের ৪৯.৫০%। জানুয়ারি ২০২৪ পর্যন্ত ব্যয় হয়েছে ৩৭.৩৪ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ১৮.৬৭%। প্রকল্প পরিচালক বলেন, পরিকল্পনা কমিশন থেকে প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়েছে। পরিকল্পনা কমিশনের কিছু পর্যবেক্ষণ আছে সেগুলো পুনর্গঠিত ডিপিপিতে প্রতিফলনপূর্বক অনতিবিলম্বে পরিকল্পনা কমিশনে প্রেরণ নিশ্চিত করা হবে।

**সিদ্ধান্ত:**

(ক) পুনর্গঠিত ডিপিপি অনুমোদনের প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে উদ্যোগ গ্রহণ করতে হবে;
(খ) প্রকল্পের সংশোধিত সার্বিক কার্যক্রম কর্মপরিকল্পনা অনুযায়ী যথাযথভাবে দ্রুততার সাথে শেষ করতে হবে;
(গ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সমূহ ২০২৩-২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করতে হবে।

**(ঙ) কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুন:নির্মাণ প্রকল্প:**

**আলোচনাঃ**

সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২) **সভাকে জানান যে, জানুয়ারি ২০১৯ হতে জুন ২০২৫ মেয়াদে ৬০৯.৭৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের জানুয়ারি ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ১৬৮.৯২ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ২৭.৭০% এবং ভৌত অগ্রগতি ৩৬%। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ৮৫.০০ কোটি টাকা। অবমুক্তকৃত অর্থ ৬৩.৩০ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ৭৪.৪৭%। জানুয়ারি ২০২৪ পর্যন্ত ব্যয় হয়েছে ১৮.১৭ কোটি টাকা যা বরাদ্দের ২১.৩৮%। কারা উপ-মহাপরিদর্শক বলেন, জেলা প্রশাসনের সহিত ভূমি সংক্রান্ত সমস্যা এখনো সুষ্ঠু সমাধান হয়নি। সচিব মহোদয় আগামী মাসে প্রকল্প এলাকা পরিদর্শনের আশা প্রকাশ করেন। এ প্রসঙ্গে কারা উপ-মহাপরিদর্শক বলেন, সচিব মহোদয় একবার পরিদর্শন করলেই সব সমস্যার সমাধান হবে। প্রকল্প পরিচালক এ বিষয়ে বলেন, এ বছরে নতুন কোন চুক্তি করা হয়নি। প্রকল্প এলাকায় ঠিকাদারি প্রতিষ্ঠান নিয়ে কিছু সমস্যা হচ্ছে। সভাপতি সকল সমস্যার সুষ্ঠ সমাধানের জন্য প্রকল্প সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।**

**সিদ্ধান্ত:**

(ক) জমি সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য প্রয়োজনীয় ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে;
(খ) প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা মোতাবেক ভৌত ও আর্থিক অগ্রগতি ত্বরান্বিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;
(গ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সমূহ ২০২৩-২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করতে হবে।

**(চ) নরসিংদী জেলা কারাগার নির্মাণ প্রকল্প:**

**আলোচনাঃ**

সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২) সভাকে জানান যে, সেপ্টেম্বর ২০১৯ হতে জুন ২০২৪ মেয়াদে ৩২৬.৯৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের জানুয়ারি ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ১৪৪.৩৮ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৪৪.১৬% এবং ভৌত অগ্রগতি ৬৭%। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ৮৫.০০ কোটি টাকা। অবমুক্তকৃত অর্থ ৪২.১১ কোটি টাকা, যা বরাদ্দকৃত অর্থের ৪৯.৫৪%। জানুয়ারি ২০২৪ পর্যন্ত ব্যয় হয়েছে ২৩.৮১ কোটি টাকা যা বরাদ্দের ২৮.০১%।

সভাপতির প্রকল্প নির্ধারিত সময়ে শেষ করা সম্ভব হবে কিনা এ জিজ্ঞাসায়, প্রকল্প পরিচালক বলেন, নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পটি সমাপ্ত করা সম্ভব হবে না। সাইট ডেভেলপমেন্টের কাজ অত্যন্ত ধীর গতিতে হচ্ছে। তাছাড়া ডিপিপি সংশোধনের প্রয়োজন হবে। এ পর্যায়ে উপসচিব (পরিকল্পনা-১) সভায় জানান যে, ডিপিপি সংশোধনের প্রয়োজন হলে প্রকল্পের মেয়াদের তিন মাস পূর্বে পরিকল্পনা কমিশনে প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। প্রকল্প পরিচালক আরো বলেন, নতুন ঠিকাদার নিয়োগ দিলে খরচ বাড়বে ও আরো অনেক সমস্যার সৃষ্টি হতে পারে। সভাপতি সঠিকভাবে প্রকল্প বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন।

**<u>সিদ্ধান্ত:</u>**

(ক) প্রকল্পের ৩নং প্যাকেজের আওতায় ভূমি উন্নয়ন কার্যক্রম ত্বরান্বিত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;
(খ) ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা মোতাবেক লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে;
(গ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সমূহ ২০২৩-২৪ অর্থবছরের ক্যালেন্ডার প্রণয়ন করে তদনুযায়ী সম্পন্ন করতে হবে।

**(ছ) <u>জামালপুর জেলা কারাগার পুন:নির্মাণ প্রকল্প:</u>**
**<u>আলোচনাঃ</u>**

সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২) সভাকে জানান যে, জুলাই ২০২০ হতে জুন ২০২৫ মেয়াদে ২১০.০৩ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের জানুয়ারি ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ২২.৭৭ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১০.৮৪% এবং ভৌত অগ্রগতি ১১.৮০%। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ৪০.০০ কোটি টাকা। অবমুক্তকৃত অর্থ ৩০.০০ কোটি টাকা। যা বরাদ্দকৃত অর্থের ৭৫%। জানুয়ারি ২০২৪ পর্যন্ত ব্যয় হয়েছে ৩.১৫ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ৭.৮৮%।

প্রকল্প পরিচালক বলেন, গত এডিপি মিটিংয়ের সিদ্ধান্ত অনুসারে প্যাকেজ-১ এবং প্যাকেজ-২ চুক্তি বাতিল করা হয়েছে এবং ঠিকাদারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আরেকটি সিদ্ধান্ত ছিল ২০২২ এর রেট সিডিউলের এস্টিমেট চূড়ান্ত করে পরিকল্পনা কমিশনে অনুমোদন নেওয়ার চিঠি ২/১ দিনের মধ্যে পরিকল্পনা কমিশনে পাঠানো হবে। ০৭টি প্যাকেজের মধ্যে ০১টি প্যাকেজের কাজ চলমান আছে। বাকি সব প্যাকেজের কাজ বন্ধ আছে।

**<u>সিদ্ধান্ত:</u>**

(ক) প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী টেন্ডারসহ অন্যান্য সার্বিক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে;
(খ) প্রকল্প সংশোধনের যৌক্তিকতা ডিপিপিতে উল্লেখপূর্বক আরডিপিপি'র প্রস্তাব সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে;
(গ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সমূহ ২০২৩-২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করতে হবে।


**(জ) <u>কারা অধিদপ্তরের বরাদ্দবিহীন (সবুজ পাতায় অন্তর্ভুক্ত) অননুমোদিত নতুন প্রকল্পের সর্বশেষ অগ্রগতির বিবরণ</u>:**

| ক্র:নং | প্রকল্পের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | বঙ্গবন্ধু শেখ মুজিব কারা প্রশিক্ষণ একাডেমী নির্মাণ প্রকল্প মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা-৩, তারিখ ২০/০১/২০১৯, স্থান-সম্মেলন কক্ষ স্বরাষ্ট্র মন্ত্রণালয় মোতাবেক প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।<br><br>(মেয়াদ: ০১/০৭/২০২২ থেকে ৩০/০৬/২০২৫) | প্রকল্পের চাহিদামালা চূড়ান্ত করার লক্ষ্যে ০৯-০৪-২০২৩ তারিখ কারা অধিদপ্তরে সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক একাডেমির জনবল নির্ধারণের জন্য ২৩-০৫-২০২৩ তারিখে কারা অধিদপ্তরে পুনরায় সভা অনুষ্ঠিত হয়েছে। ২৩/০৫/২৩ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক জনবলের খসড়া প্রস্তাবনা প্রণয়ণের জন্য একটি কমিটি গঠন করা হয়। কমিটি তাদের প্রতিবেদন দাখিল করেছেন। কমিটির প্রতিবেদনের আলোকে ২৪/০৭/২৩ তারিখ অনুষ্ঠিত সভায় হাসপাতালের জনবল চূড়ান্ত করা হয়েছে। প্রকল্পের মাস্টারপ্লান ও ডিপিপি প্রণয়ণের জন্য ১৪/০৮/২০২৩ তারিখ স্থাপত্য অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে। প্রস্তাবিত একাডেমিতে কতজন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হবে, তা জানতে চেয়ে স্থাপত্য অধিদপ্তর থেকে ১৫-১১-২৩ তারিখ পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের জবাবে ২২-১১-২৩ তারিখে স্থাপত্য অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। | কারা অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর, স্থাপত্য অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| ২. | অ্যাম্বুলেন্স, নিরাপত্তা সংক্রান্ত গাড়ী ও যন্ত্রপাতি সংগ্রহ এবং প্রশিক্ষণের মাধ্যমে কারা অধিদপ্তরের আধুনিকায়ন প্রকল্প মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা-২, তারিখ ২০/০১/২০১৯, স্থান-সম্মেলন কক্ষ স্বরাষ্ট্র মন্ত্রণালয় মোতাবেক প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। (মেয়াদ: ০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৫) | গত ১৯-১১-২০১৯ তারিখ পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। পরবর্তীতে সংশোধিত ডিপিপির উপর গত ০৭-৯-২০২২ তারিখ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। যাচাই কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি সংশোধন করে ১০/০৫/২০২৩ তারিখ সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে এবং সুরক্ষা সেবা বিভাগ থেকে গত ২৪/০৭/২০২৩ তারিখ উক্ত ডিপিপি ভৌত অবকাঠামো বিভাগে প্রেরণ করা হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ৯১টি যানবাহন ক্রয়ের লক্ষ্যে অর্থ বিভাগের পূর্বানুমতি/সুপারিশসহ প্রস্তাব প্রেরণের জন্য ভৌত অবকাঠামো বিভাগ হতে সুরক্ষা সেবা বিভাগ বরাবরে ১৩/০৯/২০২৩ তারিখ পত্র প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে অর্থবিভাগের পূর্বানুমতি/সুপারিশ প্রদানের অনুরোধ জানিয়ে সুরক্ষা সেবা বিভাগ হতে ২৩/১০/২০২৩ তারিখ অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। | অর্থ বিভাগ অর্থ মন্ত্রণালয় |
| ৩. | কেন্দ্রীয় কারা হাসপাতাল, কেরানিগঞ্জ নির্মাণ প্রকল্প মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি-৪, তারিখ ১০/০৪/২০১৬, স্থান-কেরাণীগঞ্জ, ঢাকা মোতাবেক প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। (মেয়াদ: ০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৫) | প্রকল্পের চাহিদামালা চূড়ান্ত করার লক্ষ্যে ০৪-০৪-২০২৩ তারিখ কারা অধিদপ্তরে সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক একাডেমির জনবল নির্ধারণের জন্য ২৩-০৫-২০২৩ তারিখ কারা অধিদপ্তরে পুনরায় সভা অনুষ্ঠিত হয়েছে। ২৩-০৫-২০২৩ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক জনবলের খসড়া প্রস্তাবনা প্রণয়নের জন্য একটি কমিটি গঠন করা হয়। কমিটি তাদের প্রতিবেদন দাখিল করেছেন। কমিটির প্রতিবেদনের আলোকে ২৪/০৭/২০২৩ তারিখ অনুষ্ঠিত সভায় কারা হাসপাতালের জনবল চূড়ান্ত করা হয়েছে। প্রকল্পের মাস্টারপ্লান ও ডিপিপি প্রণয়নের জন্য ০২/০৮/২০২৩ তারিখে স্থাপত্য অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে। কারাগারে হাসপাতাল নির্মাণে স্বাস্থ্য অধিদপ্তরের হাসপাতাল নীতিমালার সাথে সাংঘর্ষিক কিনা, সে বিষয়ে উপ-পরিচালক (হাসপাতাল), স্বাস্থ্য অধিদপ্তর এর সাথে সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) টেলিফোনে আলোচনা করেছেন। এ বিষয়ে বিধি বিধানে কোন জটিলতা বা সাংঘর্ষিক বিষয় নেই মর্মে উপ-পরিচালক মহোদয় জানিয়েছেন। | গণপূর্ত অধিদপ্তর, স্থাপত্য অধিদপ্তর |

সভাপতি সভার সিদ্ধান্তসমূহ আন্তরিকতার সাথে বাস্তবায়নের জন্য অনুরোধ করেন। অতিরিক্ত সচিব (অগ্নি) এপিএতে নির্ধারিত নম্বর পাওয়ার জন্য যেসব প্রকল্প শেষ হয়েছে সেসব প্রকল্পের যন্ত্রপাতি জমা দেওয়ার অনুরোধ করেন। তিনি বলেন যে, উন্নয়ন প্রকল্পের যে সকল কার্যক্রম বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্ভুক্ত সেগুলো অগ্রাধিকার ভিত্তিতে যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

১০। সভাপতি আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৪.০৬.০০১.২১.৩১

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩০
২৫ ফেব্রুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, অর্থ বিভাগ
২) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৩) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন
৪) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন
৫) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন
৬) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন
৭) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
৮) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
৯) মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
১০) অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
১১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
১২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
১৩) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
১৪) কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর
১৫) প্রধান প্রকৌশলী , গণপূর্ত অধিদপ্তর
১৬) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর
১৭) যুগ্মসচিব, কারা অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
১৮) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ
১৯) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর
২০) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
২১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
২২) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে আপলোডের জন্য)
২৩) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ

মোঃ শহীদ আতাহার হোসেন
উপসচিব